| | | | | |
|---|---|---|---|---|
| | | এছাড়াও বীজের চাহিদা মিটানোর জন্য আধুনিক বীজ উৎপাদন ৩টি গ্রুপ তৈরি করা হয়েছে।<br>পারিবারিক পুষ্টি চাহিদা মিটানোর জন্য উপজেলার বিভিন্ন ইউনিয়নে পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে এবং চলমান আছে।<br>উত্তম কৃষি চর্চার মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষক পর্যায়ে ১৮০টি কৃষিকথা বই বিতরন করা হয়েছে।<br>সঠিক সার নিরুপনের জন্য মাটি পরীক্ষার জন্য ৩০ কৃষকের নমুনা প্রেরন করা হয়েছে।<br>কৃষক প্রশিক্ষন ও উঠান বৈঠকের মাধ্যমে ৬০০ জন কৃষকের প্রশিক্ষন প্রদান করা হয়েছে। ইউনিয়ন পর্যায়ে ফিয়াক সেন্টার হতে ৬৯৫ জন কৃষকদের পরামর্শ প্রদান করা হয়েছে। | | |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ অফিস কয়রা, খুলনা। | কার্যক্রম চলমান। | -- | -- |
| ০৬. | সিনিয়র উপজেলা মৎস্য অফিস, কয়রা, খুলনা। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কয়রা, খুলনার প্রতিনিধি সভার জানান এপ্রিল মাসে মোট ৬৫ জন মৎস্যচাষী ও মৎস্য উদ্যোক্তদের মাঝে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর মধ্যে রাজস্ব বাজেটের আওতায় মোট ৪০ জন এবং এসসিএমএফপি প্রজেক্টের মাধ্যমে ২৫ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ১০০ জন মৎস্য চাষীদের নিয়ে সাসটেইনেবল কোস্টাল এন্ড মেরিন ফিশারিজ প্রজেক্টের আওতায় কর্মশালা অনুষ্ঠিত হয়। এছাড়া ক্লাস্টার ভিত্তিক চিংড়ি চাষ সম্প্রসারণ অব্যাহত রয়েছে। | -- | -- |
| ০৭ | উপজেলা প্রকৌশল দপ্তর কয়রা, খুলনা। | (ক) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, খুলনা জেলার কয়রা উপজেলাধীন বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অর্থায়নে নির্মিতব্য পর্যটন কেন্দ্রে RCC Watch Tower নির্মাণের ইতিমধ্যে এলজিইডি সদর দপ্তর ঢাকা মহোদয়ের দপ্তর ঢাকা মহোদয়ের দপ্তর হতে Design পাওয়া গিয়েছে। উপজেলা প্রকৌশলীর দপ্তর হতে প্রাক্কলন করার প্রক্রিয়া চলমান আছে। | -- | -- |
| | | (খ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, খুলনা জেলার কয়রা উপজেলাধীন বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের অর্থায়নে নির্মিতব্য পর্যটন কেন্দ্রে নির্মাণাধীন Elevated Walk Way নির্মাণের ক্ষেত্রে Topographical Survey Report করা প্রয়োজন। Topographical Survey Report করার পর টেন্ডার প্রক্রিয়া সম্পাদন করা হবে। এছাড়া পর্যটন কেন্দ্রের Watch Tower নির্মাণের উদ্দেশ্যে উপজেলা প্রকৌশলী দপ্তরের মাধ্যমে আরএফকিউ পদ্ধতিতে সয়েল টেস্ট করানোর জন্য ইতিপূর্বে অনুমোদন দেওয়া হয়েছিল। তদপ্রেক্ষিতে GEOTECH Boring & Engineering কোম্পানি গত ২৫-০১-২০২৪ খ্রি. তারিখে সয়েল টেস্ট সম্পন্ন করেন। উক্ত কোম্পানি সয়েল টেস্ট বাবদ ২৫,৪১৫/- টাকা বিল দাখিল করেছেন। বিলটি উপজেলা পরিষদ হতে পরিশোধের জন্য সভায় পেশ করেন। | (খ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে ত GEOTECH Boring & Engineering কোম্পানির সয়েল টেস্টের বিল বাবদ ২৫,৪১৫/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত হয়। | উপজেলা প্রকৌশলী কয়রা, খুলনা। |
| | | (গ) উপজেলা প্রকৌশলী, কয়রা, খুলনা সভায় জানান যে, খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলা পল্লী অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় খুলনা জেলার কয়রা উপজেলাধীন উপজেলা হেডকোয়ার্টার হায়াতখালী জিসি গিলাবাড়ি জিসি সড়কের ৪+২২৫ কিঃমিঃ চেইনেজ ৩৬.০০ মিঃ দৈর্ঘ্য আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণাধীন কাজের ব্রীজের পার্শ্বে প্রস্তাবিত সংযোগ সড়কের Right oF Way (Row) এর মধ্যে সরকারি খাস জমির উপর বেশ কিছু আধা-পাকা স্থাপনা বিদ্যমান। ব্রীজের কাজ বাস্তবায়নের স্বার্থে অনতি বিলম্বে উক্ত অবৈধ স্থাপনাগুলো উচ্ছেদ অত্যন্ত জরুরী। অবৈধ স্থাপনাগুলো উচ্ছেদ না করা হলে প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। অতিদ্রুত অবৈধ স্থাপনাগুলো উচ্ছেদ করার জন্য উপজেলা প্রকৌশলী সভায় প্রস্তাব করেন। | (গ) সভায় বিস্তারিত আলোচনান্তে সভার সর্বসম্মতিক্রমে ব্রীজের কাজ বাস্তবায়নের স্বার্থে উক্ত স্থানে অবৈধ স্থাপনাগুলো উচ্ছেদ করার জন্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

